

## টোকিও বৈশাখী মেলা সফলভাবে সম্পন্ন করার জন্য মেলার সাথে সংশ্লিষ্ট সকলকে জেবিএস এর অভিনন্দন

জাপান বাংলাদেশ সোসাইটি (জেবিএস) টোকিওতে রেজিস্ট্রিকৃত একটি আন্তর্জাতিক এনপিও(এনজিও)। ১৯৯৮ সালে শতাব্দীর ভয়াবহ বন্যা কবলিত বাংলাদেশের জন্য টোকিওতে চারিটি কনসার্ট আয়োজনের মাধ্যমে এই প্রতিষ্ঠানের যাত্রা শুরু। সেই থেকে, জেবিএস দুই বন্ধুদেশ জাপান ও বাংলাদেশের মধ্যে একটি সুদৃঢ় সেতুর মতো সংযোগ স্থাপন করেছে। জেবিএস এর কার্যক্রম মূলতঃ স্বাস্থ্য, শিক্ষা ও সাংস্কৃতিক অঙ্গনে বিস্তৃত। দুই দেশেই এই প্রতিষ্ঠানের কার্যক্রম রয়েছে।

২০০০ সালে টোকিওর প্রাণকেন্দ্র, ইকুবুকুরো নিশিগুচি পার্কে টোকিও বৈশাখী মেলা শুরু করে জেবিএস। প্রথম দিকে জেবিএস মেলার আয়োজন ও পরিচালনা এককভাবে করলেও আপামর প্রবাসীদের সাথে একাত্ম হয়ে বাংলা নববর্ষ উদযাপন করার লক্ষ্যে ২০০৪ সাল থেকে মেলার পরিচালনা প্রবাসী বাংলাদেশীদের হাতে ছেড়ে দেওয়া হয়। সেই থেকে জেবিএস মেলার আয়োজক সংগঠনের দায়িত্ব পালন করে আসছে। মেলার দিনে জেবিএস, মেলা প্রাঙ্গণে প্রবাসীদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করে থাকে।

টোকিও বৈশাখী মেলা যেমন প্রবাসী বাংলাদেশীদের প্রাণের মেলা তেমনি বাংলাদেশপ্রেমী জাপানীদের কাছেও এটি প্রাণের মেলা। প্রবাসী বাংলাদেশীদের মতো বহু জাপানীও এই মেলাটির জন্য সারা বছর অপেক্ষা করে থাকে।

টোকিও বৈশাখী মেলা সফলভাবে সম্পন্ন করার জন্য মেলার সাথে সংশ্লিষ্ট সকলকে জেবিএস এর আন্তরিক অভিনন্দন।



জেবিএস চেয়ারম্যান  
ডঃ ওসামু ওসুবো



জেবিএস ভাইসচেয়ারম্যান  
ডঃ শেখ আলীমুজ্জামান